বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০১০.০৮ (অংশ-২)-৬৯১ তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩২ / ৩০ সেপ্টেম্বর ২০২৫

**বিষয় : নতুন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য প্রতীক পছন্দকরণ প্রসঙ্গে।**

সূত্র
ক. "জাতীয় নাগরিক পার্টি-এনসিপি"র ২২ জুন ২০২৫ তারিখের আবেদন।
খ. "জাতীয় নাগরিক পার্টি-এনসিপি"র ০৩ আগস্ট ২০২৫ তারিখের আবেদন।
গ. "জাতীয় নাগরিক পার্টি-এনসিপি"র ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "জাতীয় নাগরিক পার্টি-এনসিপি" নামীয় দলটি সূত্র 'ক' এ বর্ণিত পত্র মোতাবেক নিবন্ধনের জন্য আবেদন করে যা প্রাথমিক পর্যালোচনায় বিবেচিত হয়েছে। আবেদনপত্রে প্রতীক হিসেবে পছন্দের ক্রমানুযায়ী শাপলা, কলম ও মোবাইল উল্লেখ করা হয়। যা সূত্রস্থ খ ও গ পত্রদ্বয় মারফত পরিবর্তন করা হয়। উল্লেখ্য যে, নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ৯(১) মোতাবেক প্রার্থীত প্রতীক 'শাপলা' অন্তর্ভুক্ত নেই। এতদসূত্রে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০চ (১) (খ) নিম্নরূপ:

"এই আদেশ বা বিধিমালার অধীন অনুষ্ঠিত কোনো নির্বাচনে কোন দল কর্তৃক মনোনীত সকল প্রার্থীর জন্য নির্ধারিত প্রতীক হইতে পছন্দকৃত যে কোন একটি প্রতীক বরাদ্দ করা হইবে এবং এইভাবে বরাদ্দকৃত প্রতীক উহার জন্য সংরক্ষিত থাকিবে, যদি না উহা পরবর্তীকালে নির্ধারিত প্রতীকসমূহের মধ্য হইতে অন্য কোন প্রতীক লাভের জন্য ইচ্ছা প্রকাশ করে;"

০২। বর্ণিত অবস্থায়, দলের নিবন্ধনের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ৯ (১) এ উল্লিখিত প্রতীকের তালিকা হতে বরাদ্দ হয়নি এমন একটি প্রতীক পছন্দ করে নির্বাচন কমিশনকে আগামী ০৭ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে লিখিতভাবে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ৯ (১) এর তালিকা হতে বরাদ্দযোগ্য প্রতীকের তালিকা।

(মোঃ রফিকুল ইসলাম)
উপসচিব (নিঃসঃওসঃ)
নির্বাচন কমিশন সচিবালয়
ফোন# ০২-৫৫০০৭৫১৬

আহবায়ক
জাতীয় নাগরিক পার্টি-এনসিপি
রুপায়ন ট্রেড সেন্টার (২য় তলা) ১১৪, কাজী নজরুল ইসলাম
এভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২০৫
মোবাইল : ০১৭৫৫৩২৫৮৯৬, ০১৩১২১৯১৯২২

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০১০.০৮ (অংশ-২)-৬৯১ তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩২ / ৩০ সেপ্টেম্বর ২০২৫

<u>অনুলিপি সদয় অবগতির জন্যঃ</u>

১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
২-৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...........এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...........এর সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোহাম্মদ দেলোয়ার হোসেন)
সিনিঃ সহঃ সচিব (নিঃসঃ-১)

c:\ak nikosh\political party\নতুন রাজনৈতিক দল নিবন্ধন ২০২৫\নতুন রাজনৈতিক দল নিবন্ধন ২০২৫\letest\প্রতীক সংক্রান্ত চার্ট\প্রতীক সংক্রান্ত.docx



CamScanner

**নতুন রাজনৈতিক দলের জন্য বরাদ্দযোগ্য প্রতীকের তালিকা :**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আলমিরা | ৮ | খাট | ১৯ | টেলিফোন | ২৮ | ফ্রিজ | ৪০ | মোড়া |
| ২ | উটপাখি | ৯ | ঘুড়ি | ২০ | তবলা | ২৯ | বক | ৪১ | মোরগ |
| ৩ | কলম | ১০ | চার্জার লাইট | ২১ | তরমুজ | ৩০ | বাঁশি | ৪২ | লাউ |
| ৪ | কলস | ১১ | চিংড়ী | ২২ | থালা | ৩১ | বেঞ্চ | ৪৩ | লিচু |
| ৫ | কাঁপ-পিরিচ | ১২ | চশমা | ২৩ | দালান | ৩২ | বেগুন | ৪৪ | শঙ্খ |
| ৬ | কম্পিউটার | ১৩ | জগ | ২৪ | দোলনা | ৩৩ | বালতি | ৪৫ | সেলাই মেশিন |
| ৭ | কলা | ১৪ | জাহাজ | ২৫ | প্রজাপতি | ৩৪ | বেলুন | ৪৬ | সোফা |
| | | ১৫ | টিউবওয়েল | ২৬ | ফুটবল | ৩৫ | বৈদ্যুতিক পাখা | ৪৭ | স্যুটকেস |
| | | ১৬ | টিফিন ক্যারিয়ার | ২৭ | ফুলের টব | ৩৬ | মগ | ৪৮ | হরিণ |
| | | ১৭ | টেবিল | | | ৩৭ | মাইক | ৪৯ | হাঁস |
| | | ১৮ | টেবিল ঘড়ি | | | ৩৮ | ময়ূর | ৫০ | হেলিকপ্টার |
| | | | | | | ৩৯ | মোবাইল ফোন | | |

৩০/০৯/২৫

মোহাম্মদ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন সহায়তা-১ শাখা
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।



CamScanner